দৈনিক সংবাদ

তারিখ 0 4 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৭

# হাতেম আলী কলেজের সব কক্ষে কর্মচারীরা তালা লাগিয়ে দিয়েছে

বরিশাল, ৩রা ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।—সৈয়দ হাতেম আলী কলেজের ৪র্থ শ্রেণীর কর্মচারীরা আজ কলেজের সকল কক্ষে তালা লাগিয়ে দেয় এবং অর্ধদিবস কর্মবিরতি পালন করে।

গতরাতে ছাত্রদলের কর্মীরা কলেজের দেয়ালে বিএনপি'র শ্লোগান লেখে। এ সময়ে কর্তব্যরত নৈশ প্রহরীরা বাধা দিলে ছাত্রদলের কর্মীরা একজন নৈশ প্রহরীকে মারধর করে।

এই ঘটনার প্রতিবাদে কলেজের চতুর্থ শ্রেণীর কর্মচারীরা আজ ধর্মঘট পালন করে।

50